# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answer with Explanation

1. (a) সম্প্রতি উত্তরপ্রদেশ রাজ্য পরপর তিন বছর 'Inter Operable Criminal Justice System'-প্ল্যাটফর্মে নাম নথিভুক্তকরণের নিরিখে প্রথম স্থানে রয়েছে। ওই রাজ্যে 'Inter Operable Criminal Justice System'-এ মোট ১,৫৬,২২,৫১৪টি কেস নথিভুক্ত হয়েছে। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে মধ্যপ্রদেশ এবং তৃতীয় স্থানে রয়েছে বিহার। অ্যাচিভার্স

2. (b) কেন্দ্রীয় অর্থমন্ত্রক সম্প্রতি চীন দেশ থেকে 'Wheel Loaders' আমদানির জন্য অ্যান্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। পরবর্তী পাঁচ বছরের জন্য এই শুল্ক আরোপিত থাকবে।

3. (b) সম্প্রতি উত্তরপ্রদেশ রাজ্য সরকার লক্ষ্ণৌয়ে ভারতের মধ্যে প্রথম আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স শহর গড়ে তুলতে চলেছে। উত্তরপ্রদেশ সরকার এই প্রোজেক্টের জন্য ৪০ একর জমি প্রদান করেছে।

4. (a) ২০২২ অর্থবর্ষে সারা ভারতে মোট এটিএমের সংখ্যা পূর্বের তুলনায় ৩.৫% শতাংশ বেড়েছে। অ্যাচিভার্স

5. (c) সম্প্রতি বেসরকারি বন্ধন ব্যাঙ্ক বর্ষীয়ান নাগরিকদের জন্য 'Inspire' প্রোগ্রাম চালু করেছে। বর্ষীয়ান নাগরিকদের আর্থিক নিরাপত্তা, স্বাস্থ্যপরিচর্যা বিষয়ক নানান সুবিধা প্রদানের উদ্দেশ্যে এই প্রোগ্রাম চালু করেছে।

6. (b) কেন্দ্রীয় অর্থমন্ত্রকের অধীনস্থ ইকনমিক অ্যাফেয়ার্স বিভাগ কর্তৃক প্রকাশিত 'Half-Yearly Economic Review 2023-24' অনুযায়ী ২০২৪ অর্থবর্ষে ভারতে আর্থিক বৃদ্ধির হার ৬.৫% বলে অনুমান করা হয়েছে। অ্যাচিভার্স

7. (c) সম্প্রতি প্রয়াত হলেন ভারতীয় ফুটবলার তথা ডিফেন্ডার প্রবীর মজুমদার। তিনি ১৯৭৪ সালে এশিয়ান গেমসে অংশগ্রহণকারী ভারতীয় ফুটবল দলের সদস্য ছিলেন। তিনি দীর্ঘদিন ইস্টবেঙ্গল দলের হয়ে ক্যালকাটা ফুটবল লিগ, আইএফএ শিল্ড, ডুরান্ড কাপ, রোভার্স কাপ প্রভৃতি জয়লাভ করেছেন।

8. (b) সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশনে'র 'National Single Window System (NSWS) পোর্টালটি টাটা কনসালটেন্সি সার্ভিসেস সংস্থার সহযোগিতায় ইনভেস্ট ইন্ডিয়া তৈরি করেছে। অ্যাচিভার্স

9. (d) সম্প্রতি রাজস্থানের মহাজনে ভারত ও সংযুক্ত আরব আমিরশাহির সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া Desert of Cyclone-2024' অনুষ্ঠিত হল।

10. (d) সম্প্রতি জম্মু ও কাশ্মীর প্রশাসন ভারতের প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে 'প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা' বাস্তবায়িত করেছে। এই যোজনার আওতায় প্রশিক্ষণরতরা স্টাইপেন্ড হিসাবে প্রতিদিন ৫০০ টাকা এবং টুলকিট কেনার জন্য এককালীন ১৫ হাজার টাকা পাবেন। অ্যাচিভার্স

11. (c) ২০২৪ সালের ১ জানুয়ারি ব্রিকসে'র সদস্য হিসাবে যোগদান করেছে ইজিপ্ট, সৌদি আরব, ইরান, ইথিওপিয়া, সংযুক্ত আরব আমিরশাহি। আর্জেন্টিনা এদিন ব্রিকসে'র সদস্য হিসাবে যোগদান করেনি।

12. (d) RBI সম্প্রতি সিডিউলড প্রাইমারি (আর্বান) কো-অপারেটিভ ব্যাঙ্কের বাল্ক ডিপোজিটের পরিমাণ ১৫ লক্ষ এবং তার বেশি'র পরিমাণ থেকে বাড়িয়ে ১ কোটি ও তার বেশি করেছে।

13. (b) সম্প্রতি রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক অফ বরোদা 'ওয়ান নেশান, ওয়ান কার্ড' কর্মসূচীর আওতায় NCMC RuPay Reloadable Prepaid Card' চালু করেছে। এটি চিফ সমন্বিত কন্ট্যাক্টলেস রূপে প্লাটিনাম ইউরো পে, মাস্টারকার্ড এবং ভিসা প্রিপেড কার্ড। অ্যাচিভার্স

14. (d) সম্প্রতি DigiO এবং Tata Communications Payment Solutions কোম্পানি সম্প্রতি আরবিআইয়ে'র কাছ থেকে পেমেন্ট এগ্রিগেটর (PA) হিসাবে কাজ করার অনুমোদন পেয়েছে।

15. (d) সম্প্রতি পাবিটি স্পোর্টস মেন'স অ্যাথলিট অফ দ্য ইয়ার-২০২৩ হিসাবে পুরস্কৃত হয়েছেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার বিরাট কোহলি। অপরদিকে পাবিটি স্পোর্টস মেন'স অ্যাথলিট অফ দ্য ইয়ার-২০২৩ হিসাবে পুরস্কৃত হয়েছেন স্পেনের আইতানা বোনমাটি।

16. (d) কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রক অটোমোবাইল ও অটো কম্পোনেন্টস এর জন্য প্রোডাক্ট লিংকড ইনসেন্টিভ (PLI) স্কিমের মেয়াদকাল ১ বছর বৃদ্ধি করেছে। অ্যাচিভার্স

17. (c) ১ জানুয়ারি, ২০২৪ তারিখে ডিআরডিও ৬৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে। এটি ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

18. (b) সম্প্রতি গুজরাট রাজ্য ভারতের 'পেট্রো ক্যাপিট্যাল' হিসাবে বিবেচিত হয়েছে। এই রাজ্যে জামনগর এবং ওএনজিসি পেট্রো অ্যাডিশনাল লিমিটেড অবস্থিত হওয়ায় এই তকমা লাভ করেছে।

19. (d) সম্প্রতি রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক অফ ইন্ডিয়া গ্রাহকদের জন্য ১৭৫ দিনের সুপার স্পেশ্যাল ফিক্সড ডিপোজিট স্কিম চালু করেছে, যে স্কিমে ৭.৫০ শতাংশ হারে সুদ দেওয়া হবে। এই স্কিমে ২ থেকে ৫০ কোটি টাকা পর্যন্ত ডিপোজিট করা হবে।

20. (b) সম্প্রতি ভারতের ১৬তম ফিন্যান্স কমিশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন নীতি আয়োগের প্রাক্তন ভাইস চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়া। অ্যাচিভার্স

21. (d) ফেলিক্স অ্যান্টোনি শিসেকেদি শিলাম্বো সম্প্রতি গণ প্রজাতান্ত্রিক কঙ্গো নামক দেশের প্রেসিডেন্ট হিসাবে পুনর্নিযুক্ত হয়েছেন। তিনি ২০১৯ সালে এই পদে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

22. (a) সম্প্রতি ইউরোপীয়ান ইনভেস্টমেন্ট ব্যাঙ্কের প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন স্পেনের নাদিয়া কালভিনো সান্তামারিয়া। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ওয়ার্নার হোয়ারে'র স্থলাভিষিক্ত হলেন।

23. (a) সম্প্রতি উজবেকিস্তানে অনুষ্ঠিত ২০২৩ সালের পুরুষদের ওয়ার্ল্ড ব্লিটজ চেস চ্যাম্পিয়নশিপ টুর্নামেন্টে জয়লাভ করেছেন নরওয়ের দাবাড়ু ম্যাগনাস কার্লসেন। এই টুর্নামেন্টে মহিলাদের বিভাগে চ্যাম্পিয়ন হয়েছেন রাশিয়ার ভ্যালেন্তিনা গুনিয়া।

24. (d) সম্প্রতি অরুণাচল প্রদেশ রাজ্যের হস্তনির্মিত কার্পেট এবং 'আদি কেকির' জিআই ট্যাগ পেয়েছে।

25. (b) ইসরো'-র অধীনস্থ 'ন্যাশনাল রিমোট সেন্সিং সেন্টার' 'Green Cover Index' প্রস্তুত করার জন্য ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া'র সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

26. (d) ভারতের প্রথম আর্থিক কোম্পানি হিসাবে বাজাজ ফিনসার্ভ লিমিটেড সম্প্রতি ট্রান্স ইউনিয়ন সিবিল লিমিটেডে'র যৌথ সহযোগিতায় 'ক্রেডিট পাস' চালু করেছে।

27. (c) সম্প্রতি বাজাজ ফিন্যান্স লিমিটেড গ্রাহকদের জন্য 'ডিজিটাল ফিক্সড ডিপোজিট' স্কিম চালু করেছে, যেখানে জমাকৃত টাকার ওপর ৮.৮৫ শতাংশ হারে সুদ প্রদান করা হবে।

28. (c) সম্প্রতি এইউ স্মল ফিন্যান্স ব্যাঙ্ক কর্পোরেট স্যালারি গ্রাহকদের জন্য মাস্টারকার্ড-প্লাটিনাম ডেবিট কার্ড চালু করেছে। এটি একটি কন্ট্যাক্টলেস ডেবিটকার্ড। এই কার্ড ব্যবহার করে গ্রাহকরা প্রতিদিন ২ লক্ষ টাকা অবধি কেনাকাটা কিংবা তুলতে পারবেন।

29. (a) দৃষ্টিহীন প্রতিবন্ধীদের সহায়ক ব্রেইল সিস্টেমের আবিষ্কারক লুইস ব্রেইলের জন্মবার্ষিকী হিসাবে ৪ জানুয়ারি ওয়ার্ল্ড ব্রেইল ডে পালিত হল।

30. (b) সম্প্রতি পশ্চিমবঙ্গ রাজ্যের টাঙ্গাইল কটন শাড়ি, কোরিয়াল শাড়ি এবং গরদ সিল্ক শাড়ি জিআই ট্যাগ পেয়েছে। টাঙ্গাইল কটন শাড়ি নদীয়া ও পূর্ব বর্ধমান, কোরিয়াল শাড়ি এবং গরদ সিল্ক শাড়ি মুর্শিদাবাদ এবং বীরভূমে পাওয়া যায়।

31. (a) শক্তি, পরিকাঠামো এবং লজিস্টিক প্রোজেক্টে তিন বছরের সময়কালে ঋণ প্রদান করার জন্য ব্যাঙ্ক অফ বরোদা REC Limited-এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

32. (b) সম্প্রতি ভারতের ওলা ইলেকট্রিক মোবিলিটি নামক ইলেকট্রিক টু-হুইলার কোম্পানি Product-Linked Incentive (PLI) স্কিম চালু করার জন্য কেন্দ্রীয় ভারী শিল্প মন্ত্রকের কাছ থেকে অনুমোদন লাভ করেছে।

33. (c) সম্প্রতি চাদ প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন সুসেস মাসরা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সালেহ কাবজাবো'র স্থলাভিষিক্ত হয়েছেন।

34. (c) শেখ মহম্মদ সাবাহ আল- সালেম আল সাবাহ কুয়েতের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শেখ আহমেদ নবাব আল আহমেদ আল সাবাহে'র স্থলাভিষিক্ত হয়েছেন।

35. (c) গ্লোবাল স্পেস টেকনোলজিজ লিমিটেড নামক সংস্থাটি ভারতের প্রথম anti-stress wearable ডিভাইস তৈরি করেছে, যার নাম দিয়েছে 'GoRoga'।

36. (a) সম্প্রতি প্রকাশিত 'Sanskrit Ke Ayaam' নামক গ্রন্থটির রচয়িতা হলেন মনোরমা মিশ্র। গ্রন্থটিতে ভারতীয় সংস্কৃতি ও নানান ঐতিহ্যবাহী তথ্যাবলী দেওয়া হয়েছে।

37. (c) সম্প্রতি হিমাচল প্রদেশ রাজ্য সরকার প্রশাসনিক ক্ষেত্রে দক্ষতামূলক প্রশাসনিক কার্যাবলীর জন্য ভারতের প্রথম রাজ্য হিসাবে 'Report ManagementPortal (RMP) এবং Meeting Management Portal' (MMP) চালু করেছে?

38. (b) সম্প্রতি ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনে ভারতের স্থায়ী প্রতিনিধি হিসাবে নিযুক্ত হয়েছেন সেন্থিল পাণ্ডিয়ান। তিনি ২০০২ সালের উত্তরপ্রদেশ ক্যাডারের আইএএস অফিসার।

39. (a) সম্প্রতি ন্যাশনাল অ্যাসেট কনস্ট্রাকশন অফ ইন্ডিয়া লিমিটেড (NARCL) -এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন পি সন্তোষ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নটরাজন সুন্দরের স্থলাভিষিক্ত হলেন।

40. (c) শক্তি ও জলের খরচ কমাতে এবং গ্রিন হাউস গ্যাস নিঃসরণের মাত্রা কমাতে কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (CII) সম্প্রতি ভারতীয় রেলের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

41. (d) সম্প্রতি সেবির এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন গোবিন্দয়াপাল্লি রাম মোহন রাও। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে সেবির পূর্ব আঞ্চলিক অফিসের রিজিওনাল ডিরেক্টর ছিলেন।

42. (a) ৬ জানুয়ারি সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ডে অফ অরফ্যান্স' পালিত হল।

43. (b) রবীন্দ্র কুমার ত্যাগী সম্প্রতি পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া'র সিএমডি হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কান্দিকুপ্পা শ্রীকান্তের স্থলাভিষিক্ত হয়েছেন।

44. (a) সম্প্রতি ন্যাশনাল ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনফ্রাস্টাকচার ফাণ্ড লিমিটেড (NIIFL) -এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন সঞ্জীব আগরওয়াল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজীব ধরের স্থলাভিষিক্ত হলেন।

45. (d) সম্প্রতি ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনে'র সিইও হিসাবে নিযুক্ত হলেন রঘুরাম আইয়ার। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আইপিএল দল রাজস্থান রয়্যালস, লক্ষ্ণৌ সুপার জায়ান্ট, রাইজিং পুনে সুপার জায়ান্ট প্রভৃতি দলের সিইও হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

46. (d) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ইউনাইটেড কাপ টেনিস প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে জার্মানি। ফাইনালে তারা পোল্যান্ড দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

47. (d) সম্প্রতি মধ্যপ্রদেশ রাজ্যে ভারতের প্রথম 'স্বাস্থ্যসম্মত খাদ্য রাস্তা' (Healthy and Hygienic Food Street)-এর উদ্বোধন হয়েছে, যার নাম দেওয়া হয়েছে-'PRASADAM'

48. (a) সম্প্রতি ২০২৪ সালের ৭৫তম ক্রিয়েটিভ আর্টস এমি পুরস্কারের 'আউটস্ট্যান্ডিং ন্যারেটর' বিভাগে পুরস্কৃত হয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন রাষ্ট্রপতি বারাক ওবামা।

49. (b) সম্প্রতি অসম রাজ্যের ট্রান্সপোর্ট কর্পোরেশন ই-বাইক ট্যাক্সি পরিষেবা 'Baayu' চালু করেছে। পরিষেবাটির আনুষ্ঠানিক শুভ সূচনা করেছেন সে রাজ্যের পরিবহণ মন্ত্রী পরিমল শুক্লা বৈদ্য।

50. (b) আরবিআই সম্প্রতি স্মল ফিন্যান্স ব্যাঙ্ক থেকে পেমেন্টস ব্যাঙ্কে উন্নীতকরণের জন্য পুঁজির পরিমাণ ১০০ কোটি থেকে বাড়িয়ে ২০০ কোটি টাকা করেছে। অ্যাচিভার্স

51. (d) সম্প্রতি সুপ্রিম কোর্ট লিগ্যাল সার্ভিসেস কমিটি'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভূষণ রামকৃষ্ণ গাভাই। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জীব খান্নার স্থলাভিষিক্ত হলেন।

52. (b) ৮ জানুয়ারি সারা বিশ্বজুড়ে 'আর্থ রোটেশন ডে' পালিত হল। এই দিবসটি ফরাসি পদার্থবিদ লিওন ফৌকাল্টের স্মরণে পালন করা হয়ে থাকে। অ্যাচিভার্স

53. (c) ৭-১৪ জানুয়ারি গুজরাটের আহমেদাবাদে 'ইন্টারন্যাশনাল কাইট ফেস্টিভ্যাল-২০২৪' অনুষ্ঠিত হয়ে গেল।

54. (a) হিন্দি ভাষার প্রসারের উদ্দেশ্যে জনমানসে প্রচারের জন্য ১০ জানুয়ারি 'ওয়ার্ল্ড হিন্দি ডে' পালিত হয়ে গেল। ২০০৬ সালে এই দিনটি প্রথম পালন করা শুরু হয়েছিল।

55. (b) ভারত ইউনেস্কো'র ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি'র ৪৬তম অধিবেশনে ভারত চেয়ারম্যানের দায়িত্বপালন করতে চলেছে, যে অধিবেশনটি ২০২৪ সালের ২১-৩১ জুলাই নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে। অ্যাচিভার্স

56. (d) সম্প্রতি বেসরকারি ইন্দাসিন্দ ব্যাঙ্ক সরকারি কর্মচারীদের জন্য 'সম্মান রূপে ক্রেডিট কার্ড' পরিষেবা চালু করেছে। এটি একটি কন্ট্যাক্টলেস ক্রেডিট কার্ড।

57. (c) সম্প্রতি ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক 'Savings Account Portability Online' স্কিম চালু করেছে। যাঁরা কর্মসূত্রে বিভিন্ন জায়গায় যাতায়াত করেন তাঁদের ক্ষেত্রে এই স্কিমটি খুবই উপকারী হবে। অ্যাচিভার্স

58. (b) সম্প্রতি ফ্রান্সের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন গ্যাব্রিয়েল অট্টাল। তিনি ১৯৫৮ সালে ফ্রান্সের পরবর্তী সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হিসাবে এই পদে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এলিজাবেথ বোর্নি'র স্থলাভিষিক্ত হলেন।

59. (c) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট হিন্দুস্থানী ধ্রুপদী সংগীত শিল্পী উস্তাদ রশিদ খান ২০২২ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন।

60. (c) ভারতের উপকূলরক্ষী বাহিনী সমস্ত উপকূলরক্ষী জাহাজগুলিকে স্বদেশী প্রযুক্তি ও সামগ্রীতে উন্নত করার জন্য স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড নামক সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে? অ্যাচিভার্স

61. (d) সম্প্রতি মধ্যপ্রদেশের ইন্দোর এবং ভোপাল, রাজস্থানের উদয়পুর শহরগুলিতে Wetland City Accreditation Scheme চালু হতে চলেছে। কেন্দ্রীয় পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক কর্তৃক এই উদ্যোগ নেওয়া হয়েছে।

62. (d) সম্প্রতি জেরোধা ফান্ড হাউস নামক আর্থিক সংস্থা ভারতের প্রথম Growth Liquid Exchange-Traded Fund চালু করেছে যার নাম হল-'Zerodha Nifty 1D Rate Liquid ETF'. অ্যাচিভার্স

63. (c) সম্প্রতি বিমস্টেক (BIMSTEC)-এর সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ইন্দ্রমণি পাণ্ডে। তিনি প্রথম ভারতীয় হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী তেনজিন লেখফেলে'র স্থলাভিষিক্ত হলেন।

64. (a) ১১-১৭ জানুয়ারি সারা দেশজুড়ে ৩৫তম 'ন্যাশনাল রোড সেফটি উইক' পালিত হল। ১৯৮৯ সালে প্রথম এই সপ্তাহ পালিত হয়েছিল। অ্যাচিভার্স

65. (c) সম্প্রতি ভারতের প্রথম রাজ্য হিসাবে পাঞ্জাব সরকার সারা রাজ্যজুড়ে ৭৮৪টি দুর্ঘটনাপ্রবণ ব্ল্যাক স্পট চিহ্নিতকরণে 'Mappls' নামক মোবাইল অ্যাপ্লিকেশন চালু করেছে।

66. (c) সম্প্রতি হেনলি অ্যান্ড পাসপোর্ট কর্তৃক প্রকাশিত ২০২৪ সালের 'হেনলি পাসপোর্ট ইনডেক্স' অনুযায়ী ভারত ৮০তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে ফ্রান্স, জার্মানি, ইটালি, জাপান, সিঙ্গাপুর এবং স্পেন এই ছয়টি দেশ রয়েছে।

67. (b) সম্প্রতি মাদ্রাজ আইআইটি প্রতিষ্ঠান শ্রীলঙ্কার ক্যান্ডিতে তাদের টেক ইউনিভার্সিটি ক্যাম্পাস গড়ে তুলতে চলেছে।

68. (d) সম্প্রতি প্রকাশিত 'MSC Emerging Markets Index' অনুযায়ী ভারত দ্বিতীয় স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে চীন।

69. (a) সম্প্রতি ফিফা'র প্রেসিডেন্ট গিয়ান্নি ইনফ্যান্টিনো, ২০২৩ সালের ইন্টারন্যাশনাল স্পোর্টস পার্সোনালিটি অ্যাওয়ার্ড-এ ভূষিত হলেন। সম্প্রতি দুবাইয়ে অনুষ্ঠিত ২০২৩ সালের মহম্মদ বিন রশিদ আল মোক্তম ক্রিয়েটিভ স্পোর্টস অ্যাওয়ার্ডের পুরস্কার বিতরণী সভায় তাঁর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয়েছে। অ্যাচিভার্স

70. (b) ১২ জানুয়ারি স্বামী বিবেকানন্দের জন্ম বার্ষিকী উপলক্ষ্যে সারা দেশজুড়ে 'ন্যাশনাল ইয়ুথ ডে' পালিত হল।

71. (b) ইন্ডিয়ান আর্মি ২০২৪ সালকে 'Year of Technology Absorption' হিসাবে ঘোষণা করেছে।

72. (a) সম্প্রতি ভারতের হলদিয়া পেট্রোকেমিক্যালস লিমিটেড সংস্থা আইএসও সার্টিফায়েড পেট্রোকেমিক্যাল অর্গানাইজেশনের স্বীকৃতি পেল। ব্রিটিশ যুক্তরাজ্যের 'ব্রিটিশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউশন' কর্তৃক এই স্বীকৃতি প্রদান করা হয়েছেন।

73. (c) সম্প্রতি মহারাষ্ট্রের পেঞ্চ টাইগার রিজার্ভ ভারতের মধ্যে ডার্ক স্কাই পার্ক হিসাবে স্বীকৃতি পেয়েছে। ১৯৭৭ সালে এই টাইগার রিজার্ভটি প্রতিষ্ঠিত হয়েছে। এর মোট আয়তন হল-২৯২.৮৫ বর্গকিমি।

74. (d) সম্প্রতি রাষ্ট্রায়ত্ত সরকারি ইন্ডিয়ান ব্যাঙ্ক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করার জন্য FPL Telchnologies Pvt. Ltd., VISA, NPCI -এর সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

75. (b) সম্প্রতি অসম রাজ্য সরকার সে রাজ্যের প্রায় ৪ মিলিয়ন স্ব-সহায়ক দলের সদস্যদের সাহায্য করার জন্য 'মুখ্যমন্ত্রী মহিলা উদয়মিতা অভিযান' স্কিম চালু করেছে।

76. (c) সম্প্রতি ন্যাশনাল সেন্টার ফর বায়োলজিক্যাল সায়েন্সেস-এর গবেষকগণ কর্ণাটকের বেঙ্গালুরুতে প্রজাপতির একটি নতুন প্রজাতির সন্ধান পেয়েছেন যার নাম -'Cigaritis conjuncta'.

77. (a) ৮-১২ জানুয়ারি চেন্নাই উপকূলে ভারত ও জাপানে'-র উপকূলরক্ষী বাহিনীর মধ্যে যৌথ নৌমহড়া 'Sahyog Kaijin' আয়োজিত হল। অ্যাচিভার্স

78. (d) সম্প্রতি ডেনমার্ক ভারতের সহিত যৌথ সহযোগিতায় Green Fuels Alliance India (GFAI) চালু করল। ভারত এবং ডেনমার্কের মধ্যে টেকসই শক্তি সংক্রান্ত বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন করতে এই অ্যালায়েন্স চালু হয়েছে।

79. (d) সম্প্রতি আরবিআই ব্যাঙ্ক নিয়ন্ত্রণ নিয়ম লঙ্ঘন করার অভিযোগে পাঞ্জাব অ্যান্ড সিন্দ ব্যাঙ্ক, ধনলক্ষী ব্যাঙ্ক এবং ESAF স্মল, ফিন্যান্স ব্যাঙ্ক নামক ব্যাঙ্কগুলিকে ২.৪৯ কোটি টাকা জরিমানা ধার্য করেছে। অ্যাচিভার্স

80. (c) সম্প্রতি ১ লক্ষের বেশি জনসংখ্যা বিশিষ্ট পরিচ্ছন্ন শহর হিসাবে ২০২৩ সালের স্বচ্ছ সার্ভেক্ষণ অ্যাওয়ার্ডে ভূষিত হল গুজরাটের সুরাট, মধ্যপ্রদেশের ইন্দোর নামক শহরদুটি।

81. (c) সম্প্রতি ব্যাঙ্গালোর মেট্রোরেল কর্পোরেশন লিমিটেডের পূর্ণ সময়ের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন মাহেশ্বর রাও। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অঞ্জুম পারভেজের স্থলাভিষিক্ত হলেন।

82. (d) সম্প্রতি ছত্তিশগড় রাজ্য সরকার দর্শনার্থীদের বিনামূল্যে নবনির্মিত রাম মন্দির দর্শন করানোর জন্য 'শ্রী রামলালা দর্শন স্কিম' চালু করেছে। অ্যাচিভার্স

83. (d) সম্প্রতি আইএনএস কুম্ভির, আইএনএস চিতা এবং আইএনএস গুলদার নামক নৌযুদ্ধ জাহাজকে কর্মজীবন থেকে অবসর দেওয়া হয়েছে।

84. (c) সম্প্রতি তাইওয়ানের রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভ করেছেন উইলিয়াম লাই চিং-তে। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ঐ দেশের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সাই ইং-ওয়েনে'র স্থলাভিষিক্ত হলেন।

85. (b) কেন্দ্রীয় পরিসংখ্যান ও প্রকল্প বাস্তবায়ন মন্ত্রী MPLADs -এর অর্থের বাস্তবায়নের পরিসংখ্যান যাচাই করতে সম্প্রতি e-SAKSHI নামক মোবাইল অ্যাপ্লিকেশন চালু করেছে।

86. (c) ২০-২৩ ডিসেম্বর ভারত ও থাইল্যান্ডের নৌবাহিনীর মধ্যে যে যৌথ নৌমহড়া অনুষ্ঠিত হল তার নাম হল-Ex-Ayuchtthaya। অ্যাচিভার্স

87. (c) সম্প্রতি মুম্বাই-গোয়া নামক দুই স্থানের মধ্যে যোগাযোগ স্থাপন করার জন্য ভারতের প্রথম 'ন্যাশনাল হাইওয়ে স্টিল স্ল্যাগ রোড সেকশন'-কে ৬৬ নম্বর জাতীয় সড়কের সঙ্গে সংযুক্ত করেছে।

88. (b) সম্প্রতি আর্জেন্টিনা, ভারতে ৫টি লিথিয়াম ব্রেন ব্লক অন্বেষণের জন্য খনিজ বিদেশ ইন্ডিয়া লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

89. (d) ফ্রেডরিক অ্যান্ড্রি হেনরিক ক্রিস্টিয়ান ডেনমার্কের রাজা হিসাবে অভিষিক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রানী দ্বিতীয় মার্গারেথের স্থলাভিষিক্ত হয়েছেন।

90. (b) সম্প্রতি ডিসিবি ব্যাঙ্ক লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন প্রবীণ অচ্যুতান কুট্টি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মুরলী এম নটরাজনে'র স্থলাভিষিক্ত হলেন।

91. (a) সম্প্রতি ম্যাক্স লাইফ ইন্সিয়োরেন্স নামক বিমা কোম্পানি Midcap Momentum Index Fund চালু করেছে।

92. (b) সম্প্রতি ২০২৩ সালের ফিফা বেস্ট মেনস প্লেয়ার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন আর্জেন্টিনার লিওনেল মেসি। মহিলাদের বিভাগে এই পুরস্কারে ভূষিত হয়েছেন স্পেনের আইতানা বোনমাটি। অ্যাচিভার্স

93. (a) সম্প্রতি প্রকাশিত ১৮তম 'Global 500-2024 Report' অনুযায়ী বিশ্বের সর্বাধিক শক্তিশালী ব্র্যান্ডের তালিকায় প্রথম স্থানে WeChat নামক সংস্থা রয়েছে। এই তালিকায় ভারতের জিও ১৭তম স্থানে রয়েছে।

94. (d) সম্প্রতি প্রকাশিত 'Military Strength Ranking 2024' অনুযায়ী ভারত চতুর্থ স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র রয়েছে প্রথম স্থানে।

95. (d) সম্প্রতি গুয়েতেমালার প্রেসিডেন্ড হিসাবে নির্বাচিত হয়েছেন সেসার বার্নার্ডো অ্যালিভালো ডি লিয়ন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আলেজান্দ্রো গিয়ামাট্টেই'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

96. (b) ১৯ জানুয়ারি সারা দেশজুড়ে 'এনডিআরএফ রেইজিং ডে' পালিত হল।

97. (c) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অযোধ্যাতে রাম জন্মভূমি মন্দিরের উদ্দেশ্যে ৬টি বিশেষ স্মারক ডাকটিকিট প্রকাশ করলেন।

98. (c) সম্প্রতি কেপ ভারদে প্রজাতন্ত্র ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন কর্তৃক ম্যালেরিয়া মুক্ত দেশ হিসাবে ঘোষিত হল।

99. (a) সম্প্রতি টাটা গ্রুপ নামক সংস্থা ২০২৪-২০২৮ সাল পর্যন্ত আইপিএল ক্রিকেট টুর্নামেন্টের স্পনসর হিসাবে নির্বাচিত হয়েছে। অ্যাচিভার্স

100. (d) ১৮-২০ জানুয়ারি অরুণাচল প্রদেশের সেইজোসাতে নবম পাক্কেপাগা হর্নবিল ফেস্টিভ্যাল উদযাপিত হল।

★★★